# নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

## মাসের নামঃ সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ

### ফসলের নামঃ চাল, গম, আটা ও ভুট্টাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী সেপ্টেম্বর/২০২৩ মাসে চাল, গম, আটা ও ভুট্টার বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপ:

**১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতি:**


সেপ্টেম্বর/২০২৩ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদরের তথ্যানুযায়ী চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় গড় বাজারদর আগষ্ট/২০২৩ মাসের বাজারদরের সাথে তুলনামূলক বিবরণ নিম্নে সারণীতে দেখানো হলো:


সারণী – ১.১ (মূল্য টাকায়)

| কৃষিপণ্য | সেপ্টেম্বর/২৩ মাসের গড় বাজারদর | | আগষ্ট/২৩ মাসের গড় বাজারদর | | এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি | | শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | কুইন্টালে % | কেজিতে % |
| মোটা চাল | ৪৩৯৫ | ৪৬.৫১ | ৪৩৩৪ | ৪৬.৪৬ | ৬১ | ০.০৫ | ১.৪১% | ০.১১% |
| মাঝারি চাল | ৫২০১ | ৫৫.০০ | ৫১৪৯ | ৫৪.৯৩ | ৫২ | ০.০৭ | ১.০১% | ০.১৩% |
| সরু চাল | ৬৩৯৭ | ৬৭.৫১ | ৬৩৯০ | ৬৭.৪১ | ৭ | ০.১০ | ০.১১% | ০.১৫% |
| গম (লাল) | ৪২৮০ | ৪৬.২৭ | ৪২৩৬ | ৪৬.০৭ | ৪৪ | ০.২০ | ১.০৪% | ০.৪৩% |
| আটা (খোলা) | ৪৩৫০ | ৪৭.৫৮ | ৪৩৩৩ | ৪৭.৪৫ | ১৭ | ০.১৩ | ০.৩৯% | ০.২৭% |
| ভুট্টা | ২৯৮৬ | ৩৪.০১ | ২৮১৯ | ৩১.৮৫ | ১৬৭ | ২.১৬ | ৫.৯২% | ৬.৭৮% |

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, মোটা, মাঝারী ও সরু চাল আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে কুইন্টাল প্রতি পাইকারী গড় দাম যথাক্রমে ১.৪১%, ১.০১% ও ০.১১% হারে বৃদ্ধি পেয়েছে। খুচরা গড় দাম কেজি প্রতি মোটা, মাঝারী ও সরু চাল যথাক্রমে ০.১১%, ০.১৩% ও ০.১৫% হারে বৃদ্ধি পেয়েছে। গম (লাল) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ১.০৪% এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.৪৩% বৃদ্ধি পেয়েছে। আটা (খোলা) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ০.৩৯% ও খুচরা গড় দাম কেজি প্রতি ০.২৭% হারে বৃদ্ধি পেয়েছে। ভুট্টা এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ৫.৯২% ও খুচরা গড় দাম কেজি প্রতি ৬.৭৮% বৃদ্ধি পেয়েছে।

সেপ্টেম্বর/২০২৩ মাসে কৃষিপণ্য সমূহের পাইকারী ও খুচরা গড় বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নে দেখানো হলো:



সেপ্টেম্বর/২০২৩ ও আগষ্ট/২০২৩ মাসের তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয়েছে আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে চাল মোটা, মাঝারী ও সরু চাল এর পাইকারী ও খুচরা গড় দাম বৃদ্ধি পেয়েছে। গম, আটা (খোলা) এবং ভুট্রা এর পাইকারী ও খুচরা গড় দাম বৃদ্ধি পেয়েছে।


সেপ্টেম্বর/২০২৩ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের সেপ্টেম্বর/২০২৩ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং সেপ্টেম্বর/২০২৩ মাসের গড় বাজার দরকে কেন্দ্রবিন্দু ধরে ০৫ বছরের পাইকারী ও খুচরা গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলো:

**সারণী- ১.২** (টাকায়/কুইন্টাল)

| মাস / কৃষিপণ্য | সেপ্টেম্বর/১৯ | সেপ্টেম্বর/২০ | সেপ্টেম্বর/২১ | সেপ্টেম্বর/২২ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৬৪১ | ৪০৪৪ | ৪০৮৭ | ৪৪০৮ | ৪৩৯৫ |
| **মাঝারি চাল** | ৩৩১৫ | ৪৫০৮ | ৪৭৬৭ | ৫৩৬২ | ৫২০১ |
| **সরু চাল** | ৪৩১৬ | ৫১৪৮ | ৫৬১৮ | ৬৬৫০ | ৬৩৯৭ |
| **লাল গম** | ২৪৭৫ | ২৫০১ | ২৬৬৪ | ৪১৬০ | ৪২৮০ |
| **খোলা আটা** | ২৪৭০ | ২৪৭১ | ২৭৬৮ | ৪৬২৯ | ৪৩৫০ |
| **ভুট্টা** | ১৭৮৫ | ১৮৮২ | ২৪১৩ | ৩৩৭৮ | ২৯৮৬ |

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

◈ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক পাইকারী বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




**৫ বছরের খুচরা গড় বাজারদরের তথ্য নিম্নে দেখানো হলো:**


**সারণী – ১.৩** (টাকায়/কেজি)

| মাস / কৃষিপণ্য | সেপ্টেম্বর/১৯ | সেপ্টেম্বর/২০ | সেপ্টেম্বর/২১ | সেপ্টেম্বর/২২ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৮.৯১ | ৪২.৭২ | ৪৩.১০ | ৪৭.২১ | ৪৬.৫১ |
| **মাঝারি চাল** | ৩৫.৬৬ | ৪৭.৩৯ | ৫০.৪৭ | ৫৬.৮১ | ৫৫.০০ |
| **সরু চাল** | ৪৬.১৮ | ৫৪.১৫ | ৫৯.২৭ | ৭০.২২ | ৬৭.৫১ |
| **লাল গম** | ২৭.১৩ | ২৮.৪৮ | ২৯.২২ | ৪৪.৩৫ | ৪৬.২৭ |
| **খোলা আটা** | ২৭.১৪ | ২৭.১৭ | ৩০.৩৭ | ৪৯.৮৬ | ৪৭.৫৮ |
| **ভুট্টা** | ২০.৬৯ | ২২.২৮ | ২৬.৪৫ | ৩৬.৫৩ | ৩৪.০১ |

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

০৫ বছরের একই সময়ের অর্থাৎ সেপ্টেম্বর/২০২৩ মাসের চালের বাজারদর হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পরিস্থিতি নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলো।

❖ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক খুচরা বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




 গ্রাফে বিগত ৫ বছরের সেপ্টেম্বর মাসের তুলনায় ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস/বৃদ্ধি দেখানো হয়েছে। সেপ্টেম্বর/২০২৩ মাসে সকল প্রকার চালের পাইকারী ও খুচরা পর্যায়ে বাজারদর বৃদ্ধি পেয়েছে।

**২। বাজারদর প্রবনতা:**

➤ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজারদরের চিত্র নিম্নরূপঃ

সারণী-১.৪ (টাকায়/কুইন্টাল)

| পণ্য | বিবরণ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৪৫৮ | ৪৩৫৮ | ৪৩৩২ | ৪২৪১ | ৪৩৩৪ | ৪৩৯৫ |
| | মাঝারি | ৫২০০ | ৫২৫২ | ৫১৭৯ | ৫১৪৩ | ৫১৪৯ | ৫২০১ |
| | সরু | ৬৭৫০ | ৬৫২১ | ৬৩৮২ | ৬৩১৭ | ৬৩৯০ | ৬৩৯৭ |
| গম | লাল | ৪৬৮৭ | ৪৬৭০ | ৪৪৬৭ | ৪৩২১ | ৪২৩৬ | ৪২৮০ |
| আটা | খোলা | ৫৩৫৪ | ৫১৮৭ | ৪৭৬৮ | ৪৫৩৭ | ৪৩৩৩ | ৪৩৫০ |
| ভুট্টা | রবি | ৩৩১২ | ২৭২৩ | ২৬১৩ | ২৬৭০ | ২৮১৯ | ২৯৮৬ |


- এক মাসের ব্যবধানে সেপ্টেম্বর/২০২৩ মাসে লাল গম কুইন্টাল প্রতি পাইকারী মূল্য ৪৪/- টাকা, খোলা আটা ১৭/- টাকা এবং ভুট্টা ১৬৭/- টাকা বৃদ্ধি পেয়েছে।


সারণী-১.৫ (টাকায়/কেজি)

| পণ্য | বিবরণ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৭.৫৫ | ৪৬.৪৮ | ৪৫.৪১ | ৪৪.৫৮ | ৪৬.৪৬ | ৪৬.৫১ |
| | মাঝারি | ৫৫.১৫ | ৫৫.৮৬ | ৫৫.০২ | ৫৪.৮৮ | ৫৪.৯৩ | ৫৫.০০ |
| | সরু | ৭০.৮৪ | ৬৮.৮৭ | ৬৭.৬৪ | ৬৭.০৩ | ৬৭.৪১ | ৬৭.৫১ |
| গম | লাল | ৫১.১৪ | ৫১.১৪ | ৪৯.১৬ | ৪৭.১৭ | ৪৬.০৭ | ৪৬.২৭ |
| আটা | খোলা | ৫৭.৪৮ | ৫৭.৪৮ | ৫১.৮৪ | ৪৯.৫৩ | ৪৭.৪৫ | ৪৭.৫৮ |
| ভুট্টা | রবি | ৩৭.৯১ | ৩৭.৯১ | ৩০.৮০ | ৩০.৮৮ | ৩১.৮৫ | ৩৪.০১ |


- এক মাসের ব্যবধানে সেপ্টেম্বর/২০২৩ মাসে কেজি প্রতি খুচরা মূল্য লাল গম ০.২/- টাকা, খোলা আটা ০.১৩/-টাকা এবং ভুট্টা ২.১৬/- টাকা বৃদ্ধি পেয়েছে।


➢ **নিম্নে গ্রাফে চালের দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**




➢ **নিম্নে গ্রাফে গম, আটা ও ভুট্টার পাইকারী ও খুচরা গড় বাজারদর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**





**৩। চাল এর আমদানির তুলনামূলক হালচিত্র:**

সারণী-১.৬ **(হাজার মেঃ টন)**

| চাল | ১ জুলাই২০২/৩ হতে ৩০সেপ্টেম্বর২০২৩/ | জুলাই২০২/২ হতে জুন২০২/৩ |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৩৩.৯৪ |
| বেসরকারি পর্যায়ে | ০ | ৪২১.৬২ |
| মোট | ০ | ১০৫৫.৫৬ |

**তথ্য সূত্রঃ এফ পি এম ইউ**

➢ **চাল এর আমদানির তুলনামূলক চিত্র**




৪।  **গম এর আমদানির তুলনামূলক হালচিত্র:**

সারণী-১.৭ **(হাজার মেট্রিক টন)**

| **গম** | **১ জুলাই২০২/৩ হতে ৩০সেপ্টেম্বর২০২৩/** | **জুলাই২০২/২ হতে জুন২০২/৩** |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৭৯.৬৫ |
| বেসরকারি পর্যায়ে | ১২৩৯.৩৫ | ৩১৯৫.৪৫ |
| মোট | ১২৩৯.৩৫ | ৩৮৭৫.১ |

**তথ্য সূত্রঃ- Food Planing and Monitoring Unit (FPMU)**

➤ **গম এর আমদানির তুলনামূলক চিত্র**




**৫। খাদ্য শস্যের আন্তর্জাতিক বাজার মূল্যঃ**

**ডলার/মে.টন**

| খাদ্যশস্য | সেপ্টেম্বর'২০২৩ মাসে মূল্য | এক সপ্তাহ পূর্বের মূল্য ২৪/০৯/২০২৩ | এক বৎসর পূর্বের মূল্য সেপ্টেম্বর'২০২২ |
|---|---|---|---|
| চাল | ৫০০ | ৫০০ | ৩৮০ |
| গম | ২৩৭ | ২৩৭ | ৩৩৫ |

উপরোক্ত বাজার মূল্য পর্যালোচনা করলে দেখা যায়, এক সপ্তাহের ব্যবধানে চালের মূল্য -৫.৬৬% হ্রাস পেয়েছে। গমের মূল্য স্থিতিশীল রয়েছে।

৬ ।  **বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ**

- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোরদারকরণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।
- সরকারি গোডাউনের ধারণ ক্ষমতা বৃদ্ধিপূর্বক ধানের উৎপাদন ও চাহিদা বিবেচনায় নিয়ে সংগৃহীত ধান সরকারি গোডাউন এবং মিলারদের গোডাউনে সংরক্ষণ করে ক্রাশিং এর ব্যবস্থা করা। কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।
- কৃষি যান্ত্রিকীকরণের উপর অধিক জোর দেয়া।
- ধান চালের সরকারী মজুদের ধারণক্ষমতা বাড়ানো।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরনের উপর ভর্তুকি প্রদানসহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকদের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- মিল মালিকদের গুদামের ১০% সরকার ব্যবহারের সুযোগ থাকতে হবে।
- মিল মালিক ও আড়তদারগণ অতিরিক্ত মজুদ না রাখে এ জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।

**ডাল জাতীয় ফসলের মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনাঃ**


আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে ডালের চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। আগষ্ট'২০২৩ মাসের সাথে রিপোর্টিং মাস সেপ্টেম্বর'২০২৩ এবং একই সময় সেপ্টেম্বর'২০২৩ মাসের সাথে সেপ্টেম্বর'২০২২ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

➤ বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি

সারণী-১.৮ (টাকা/প্রতি কুইন্টাল)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২২ | | |
| ১ | ডাল-মাশ- গোটা | ১৪০১৮ | ১৩৫০৬ | ১০৯০২ | ৩.৭৯% | ২৮.৫৮% |
| ২ | ডাল-মাশ-ভাংগা | ১৫০৮১ | ১৪৯৭৫ | ১১৬৬৪ | ০.৭১% | ২৯.৩০% |
| ৩ | ডাল-মসুর-দেশী-গোটা | ১২১২২ | ১২০০১ | ১২১০৫ | ১.০১% | ০.১৪% |
| ৪ | ডাল-মসুর-দেশী-ভাংগা | ৯৭৮৫ | ৯৬৫৫ | ৯৮২৩ | ১.৩৫% | -০.৩৯% |
| ৫ | ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০১৭৯ | ৯৮৩১ | ৯৯৯৭ | ৩.৫৪% | ১.৮২% |
| ৬ | ডাল-মুগ-দেশী | ১১৩৪২ | ১১১৭০ | ১১৭০৩ | ১.৫৪% | -৩.০৮% |
| ৭ | ডাল-ছোলা-গোটা | ৭৯০০ | ৭৮৮২ | ৭২০০ | ০.২৩% | ৯.৭২% |
| ৮ | ডাল-ছোলা-ভাংগা | ৮০৫১ | ৭৯৩৮ | ৭৩৯৩ | ১.৪২% | ৮.৯০% |
| ৯ | ডাল-মটর-দেশী | ৮০২২ | ৭৯৮৬ | ৯২২৩ | ০.৪৫% | -১৩.০২% |
| ১০ | ডাল-মটর-বিদেশী | ৫৭৮০ | ৫৭৭৩ | ৫৯৩১ | ০.১২% | -২.৫৫% |
| ১১ | ডাল-খেসারী | ৭২২৯ | ৭০৩২ | ৬৬০০ | ২.৮০% | ৯.৫৩% |

**রিপোটিং মাস সেপ্টেম্বর /২০২৩ গত মাস আগষ্ট /২০২৩ ও গত বছর সেপ্টেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**



**১.ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, পাইকারী পর্যায়ে আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর' ২০২৩ মাসে সকল প্রকার ডালের দর বৃদ্ধি পেয়েছে।

**১.খ. গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণে লক্ষ্য করা যায়, পাইকারী পর্যায়ে সেপ্টেম্বর'২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে ডাল মাশ গোটা ২৮.৫৮%, ডাল মাশ ভাংগা ২৯.৩০%, ডাল মসুর দেশী গোটা ০.১৪%, ডাল মসুর বিদেশী উন্নতমানের ১.৮২%, ডাল ছোলা গোটা ৯.৭২%, ডাল ছোলা ভাংগা ৮.৯০%, এবং ডাল খেসারী ৯.৫৩% হারে বৃদ্ধি পেয়েছে। এছাড়া ডাল মসুর দেশী ভাংগা ০.৩৯% ডাল মুগ দেশী ৩.০৮%, ডাল মটর দেশী ১৩.০২% এবং ডাল মটর বিদেশী ২.৫৫% হারে ডালের দর হ্রাস পেয়েছে।

**১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ**

বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর' ২০২৩ মাসে বেশীরভাগ ডালের দাম হ্রাস পেয়েছে এবং সেপ্টেম্বর' ২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে কয়েক প্রকার ডালের দাম বৃদ্ধি পেয়েছে আবার কিছু ডালের দাম হ্রাস পেয়েছে। ডলারের মূল্য বৃদ্ধির কারনে আমদানি কম হওয়ায় সরবরাহ কম থাকায় চলতি অর্থবছরে সকল ডালের দাম বৃদ্ধি পেয়েছে।

**২। বাজারদর প্রবণতাঃ**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে বিভিন্ন, প্রকার ডালের জাতীয় পাইকারী গড় বাজারদর পরিবর্তনের চিত্র।


**সারণী-২**

**৬ মাসের পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী-১.৯ (টাকায়/কুইন্টাল)

| দ্রব্যের নাম | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| ডাল-মাশ-গোটা | ১২০৭৬ | ১২০১৬ | ১২৩০৭ | ১৩১৩৯ | ১৩৫০৬ | ১৪০১৮ |
| ডাল-মাশ-ভাংগা | ১২৮১৭ | ১২৮০৮ | ১৩৭৩১ | ১৪৬২৮ | ১৪৯৭৫ | ১৫০৮১ |
| ডাল-মসুর-দেশী-গোটা | ১২৩১২ | ১২২৭৪ | ১২১৯১ | ১২০৬২ | ১২০০১ | ১২১২২ |
| ডাল-মসুর-দেশী-ভাংগা | ১১৯৬৭ | ৯৬৮৯ | ১০৪৩৯ | ৯৭১১ | ৯৬৫৫ | ৯৭৮৫ |
| ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ৯৯২৮ | ৯৯১০ | ১০৬৯৭ | ১০০৬৫ | ৯৮৩১ | ১০১৭৯ |
| ডাল-মুগ-দেশী | ১১৭৫০ | ১১৩৪২ | ১১৭৪৩ | ১১২৪১ | ১১১৭০ | ১১৩৪২ |
| ডাল-ছোলা-গোটা | ৮৩৮৮ | ৮২৪৮ | ৮১৫৫ | ৭৯৭৬ | ৭৮৮২ | ৭৯০০ |
| ডাল-ছোলা-ভাংগা | ৮৩২৯ | ৮২১০ | ৮১৫০ | ৭৯৯১ | ৭৯৩৮ | ৮০৫১ |
| ডাল-মটর-দেশী | ৮৫৩৫ | ৮৪৪৭ | ৮৪৫৫ | ৮১৮৬ | ৭৯৮৬ | ৮০২২ |
| ডাল-মটর-বিদেশী | ৭৭১২ | ৬২০৫ | ৬১৫৮ | ৬০১৮ | ৫৭৭৩ | ৫৭৮০ |
| ডাল-খেসারী | ৭২৩৭ | ৭১৩২ | ৭০৪৯ | ৭০৩২ | ৭০৩২ | ৭২২৯ |

**নিম্নে গ্রাফে এপ্রিল’ ২০২৩ মাস  হতে সেপ্টেম্বর ’ ২০২৩ পর্যন্ত  ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**৩. পণ্যঃ**

**ভোজ্য তেল**


ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষা আমাদের দেশে উৎপাদন হলেও সয়াবিন এবং পাম তেলের  চাহিদার পুরোটাই আমদানি করে পূরণ করা হয়। আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে আগামী ০৩ বছরের মধ্যে সরিষার উৎপাদন ৪০-৫০% বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূর্বক আগষ্ট’২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর’২০২৩ মাসে এবং গত বছর সেপ্টেম্বর’ ২০২২ মাসের তুলনায় আগষ্ট ’২০২৩ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো

➤ **সারণী- ৩ : বিভিন্ন প্রকার ভোজ্য তেলের  পাইকারী বাজারদর পরিস্থিতি**

সারণী-১.১০ (টাকা/ প্রতি ১০০ লি)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | চলতি মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২২ | | |
| ১ | তেল-সরিষা-উন্নমানের | ২০২৮৬ | ২০৬৩৭ | ২১৫১২ | -১.৭০% | -৫.৭০% |
| ৩ | তেল-সয়াবিন-(খোলা) | ১৫৫৭২ | ১৫৯২৯ | ১৬৭৭১ | -২.২৪% | -৭.১৫% |
| ৪ | তেল-পাম | ১২৩৭৫ | ১২৪৯২ | ১৩৬৮১ | -০.৯৪% | -৯.৫৫% |

**রিপোটিং মাস  সেপ্টেম্বর /২০২৩ গত মাস  আগষ্ট /২০২৩ ও গত বছর সেপ্টেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**




**৩. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর' ২০২৩ মাসে সকল প্রকার তেলের দর হ্রাস পেয়েছে।

**৩. খ . গত বছরের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**


ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে সকল তেলের দাম হ্রাস পেয়েছে।

**৬ মাসের তেল সরিষা উন্নতমানের, তেল সয়াবিন (খোলা) এবং পাম তেল এর পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী-১.১১ (টাকায়/লিটার)

| দ্রব্যের নাম | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| তেল-সরিষা-উন্নতমানের | ২১৮৩১ | ২১৫০২ | ২১১৮৬ | ২১০২০ | ২০৬৩৭ | ২০২৮৬ |
| তেল-সয়াবিন-(খোলা) | ১৬৪৫৮ | ১৭০০৫ | ১৬৬৪২ | ১৬২৮০ | ১৫৯২৯ | ১৫৫৭২ |
| তেল-পাম | ১২৪৩৯ | ১৩০৪৭ | ১২৭৮৩ | ১২৬২২ | ১২৪৯২ | ১২৩৭৫ |

**নিম্নে গ্রাফে এপ্রিল'২০২৩ মাস হতে সেপ্টেম্বর'২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**৩.গ. বাজারদর হ্রাস/বৃদ্ধির কারণঃ**

এপ্রিল'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে সকল প্রকার তেলের দাম হ্রাস পেয়েছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওয়ায় স্থানীয় বাজারে দাম হ্রাস পেয়েছে।

**পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়াঃ**


**বাজারদর পরিস্থিতিঃ** মসলা জাতীয় পণ্য আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে উল্লেখযোগ্য যার গুরুত্ব অপরিসীম। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরন হয়ে থাকে। তাই বাজার মূল্যেও বেশ তারতম্য লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর '২০২৩ মাসে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা পর্যায়ে জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

সারণী-১.১২ (টাকায়)


| পণ্যের নাম | পাইকারী (প্রতি কুইন্টাল) | | খুচরা (প্রতি কেজি) | | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|
| | **সেপ্টেম্বর/২৩** | **আগষ্ট/২৩** | **সেপ্টেম্বর/২৩** | **আগষ্ট/২৩** | **প্রতি কুইন্টাল** | **প্রতি কেজি** |
| পেঁয়াজ-দেশী | ৬৮৫৮ | ৬৬৬৫ | ৭৫ | ৭৩ | ২.৯০% | ২.৭৪% |
| পেঁয়াজ-বিদেশী | ৫৫৮৫ | ৪৮৬৬ | ৬২ | ৫৫ | ১৪.৭৮% | ১২.৭৩% |
| রসুন-দেশী | ১৯১০০ | ১৯০৯৫ | ২১৫ | ২১২ | ০.০৩% | ১.৪২% |
| রসুন-বিদেশী | ১৮৭০৪ | ১৯৬১২ | ২০৭ | ২১৭ | -৪.৬৩% | -৪.৬১% |
| শুকনা-মরিচ | ৩৮৯২১ | ৩৯৩৩৫ | ৪২৭ | ৪২৭ | -১.০৫% | ০.০০% |
| কাঁচা মরিচ | ১০৬৬৫ | ১৫১৩১ | ১২৯ | ১৭৭ | -২৯.৫২% | -২৭.১২% |
| আদা-দেশী | ২১০৯৬ | ২০৭৩২ | ২২০ | ২৩৪ | ১.৭৬% | -৫.৯৮% |
| আদা-বিদেশী | ১৮৫২৬ | ১৬৩২৯ | ২১১ | ১৮৯ | ১৩.৪৫% | ১১.৬৪% |
| হলুদ-গোল | ১৭৬৮৩ | ১৬৪৮৭ | ২০১ | ১৮৭ | ৭.২৫% | ৭.৪৯% |
| হলুদ-লম্বা | ১৮২০২ | ১৬৬২৩ | ২০৩ | ১৯০ | ৯.৫০% | ৬.৮৪% |
| ধনিয়া | ১৭২০০ | ১৬৭৮৮ | ১৯২ | ১৮৮ | ২.৪৫% | ২.১৩% |

**আগষ্ট/২০২৩ ও সেপ্টেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্র**

(টাকায়/কুইন্টাল)




**আগষ্ট/২০২৩ ও সেপ্টেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্র**




**পর্যালোচনাঃ** আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি পর্যালোচনা নিম্নরুপ-

- পেঁয়াজ (দেশী) এর দাম আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ২.৯০% হারে এবং খুচরা দাম ২.৭৪% হারে বৃদ্ধি পেয়েছে। পেঁয়াজ (বিদেশী) পাইকারী দাম ১৪.৭৮% হারে এবং খুচরা দাম ১২.৭৩% হারে বৃদ্ধি পেয়েছে। রসুন (দেশী)পাইকারী ০.০৩% হারে হ্রাস পেয়েছে ও খুচরা ১.৪২%দাম বৃদ্ধি রয়েছে। রসুন(বিদেশী) পাইকারী ৪.৬৩% হারে এবং খুচরা দাম ৪.৬১% হারে হ্রাস পেয়েছে।
- শুকনা মরিচ এর দাম আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ১.০৫% হারে বৃদ্ধি পেয়েছে এবং খুচরা দাম অপরিবর্তিত রয়েছে।
- কাঁচা মরিচ এর দাম আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ২৯.৫২% হারে এবং খুচরা দাম ২৭.১২%হারে হ্রাস পেয়েছে।
- আদা (দেশী) এর দাম আগষ্ট'২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ১.৭৬% হারে বৃদ্ধি পেয়েছে। ও খুচরা দাম ৫.৯৮% হারে হ্রাস পেয়েছে। আদা (বিদেশী) পাইকারী দাম ১৩.৪৫% হারে ও খুচরা দাম ১১.৬৪% হারে হ্রাস পেয়েছে।
- হলুদ (গোল) এর পাইকারী দাম ৭.২৫% হারে এবং খুচরা দাম ৭.৪৯% হারে বৃদ্ধি পেয়েছে। প্রক্ষান্তরে হলুদ (লম্বা) পাইকারী দাম ৯.৫০% হারে এবং খুচরা দাম ৬.৮৪% হারে বৃদ্ধি পেয়েছে।
- ধনিয়ার পাইকারী দাম ২.৪৫% হারে এবং খুচরা দাম ২.১৩%হারে বৃদ্ধি পেয়েছে।

সেপ্টেম্বর'২০২৩ মাসে খুচরা পর্যায়ে পেঁয়াজ (বিদেশী) এর দাম সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে ১২.৭৩%। সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে রসুন দেশী ১.৪২%। অন্যদিকে, পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে পেঁয়াজ বিদেশীর দাম ১৪.৭৮% এবং সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে ধনিয়ার দাম ২.৪৫%।

**বাজারের গতি প্রবাহঃ**


ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণীর মাধ্যমে উপস্থাপন করা হলো-

**৬ মাসের পাইকারী মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম**

সারণী-১.১৩

| পণ্যর নাম | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৩২৬৫ | ৬৪২০ | ৬৬৬৯ | ৫৮৭৫ | ৬৬৬৫ | ৬৮৫৮ |
| পেঁয়াজ-বিদেশী | ৩৩২৯ | ৫২৯৭ | ৩৭৯৭ | ৩৫৯২ | ৪৮৬৬ | ৫৫৮৫ |
| রসুন-দেশী | ৯০৫৪ | ১২২৬৭ | ১১৯৮৭ | ১৪৪৮৫ | ১৯০৯৫ | ১৯১০০ |
| রসুন-বিদেশী | ১২১৯৪ | ১৩৩৩৯ | ১৩৪৯৯ | ১৭০১৮ | ১৯৬১২ | ১৮৭০৪ |
| শুকনা-মরিচ | ৩৮০২৪ | ৩৭৫৯২ | ৩৭২৮১ | ৩৮৬৪৬ | ৩৯৩৩৫ | ৩৮৯২১ |
| কাঁচা মরিচ | ৫৬৯৮ | ৯৪৬৬ | ১৪০৫৩ | ২২৬৮৫ | ১৫১৩১ | ১০৬৬৫ |
| আদা-দেশী | ১২৬২০ | ১৯৬০৩ | ২৬৬৪০ | ২৬০০৯ | ২০৭৩২ | ২১০৯৬ |
| আদা-বিদেশী | ১৩৯২৪ | ২১৫৮৬ | ২৫৮৪৭ | ২১২১২ | ১৬৩২৯ | ১৮৫২৬ |
| হলুদ-গোল | ১৩৫৬০ | ১৩৫০১ | ১৩৮০৭ | ১৪৬৪১ | ১৬৪৮৭ | ১৭৬৮৩ |
| হলুদ-লম্বা | ১৪৮৫০ | ১৫১৫৭ | ১৫১৯৫ | ১৫৬৪৭ | ১৬৬২৩ | ১৮২০২ |
| ধনিয়া | ১২০৭৪ | ১৪০১৪ | ১৫৮৬১ | ১৬৪১৭ | ১৬৭৮৮ | ১৭২০০ |

**এপ্রিল'২৩ হতে সেপ্টেম্বর/২৩ মাস পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ**




## ৬ মাসের পাইকারী মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম

সারণী-১.১৪

| পণ্যর নাম | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৩৮ | ৬৫ | ৬৮ | ৬৫ | ৭৩ | ৭৫ |
| পেঁয়াজ-বিদেশী | ৪০ | ৫৫ | ৪৪ | ৪১ | ৫৫ | ৬২ |
| রসুন-দেশী | ১১৬ | ১৩৯ | ১৩৯ | ১৬৪ | ২১২ | ২১৫ |
| রসুন-বিদেশী | ১৩৯ | ১৫০ | ১৫১ | ১৮৭ | ২১৭ | ২০৭ |
| শুকনা-মরিচ | ৪১৮ | ৪১৮ | ৪১৭ | ৪২৭ | ৪২৭ | ৪২৭ |
| কাঁচা মরিচ | ৭৩ | ১১৪ | ১৬৫ | ২৬৪ | ১৭৭ | ১২৯ |
| আদা-দেশী | ১৪৭ | ২২০ | ২৮৯ | ২৮৩ | ২৩৪ | ১৪৪ |
| আদা--বিদেশী | ১৫৯ | ২৪০ | ২৮৭ | ২৪২ | ১৮৯ | ২১১ |
| হলুদ-গোল | ১৫২ | ১৫১ | ১৫৩ | ১৬৫ | ১৮৭ | ২০১ |
| হলুদ-লম্বা | ১৬৬ | ১৭১ | ১৭২ | ১৭৭ | ১৯০ | ২০৩ |
| ধনিয়া | ১৩৭ | ১৫৯ | ১৮০ | ১৮৪ | ১৮৮ | ১৯২ |

**এপ্রিল'২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ।**




বিগত ৬ মাসের পাইকারী ও খুচরা বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ দেশী ও বিদেশী, রসুন দেশী ও বিদেশী, শুকনা মরিচ, আদা দেশী, আদা বিদেশী, শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা দেশী ও বিদেশী, হলুদ গোল-লম্বা এবং ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে রসুনের দাম।

**অর্থকরী ফসলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক পর্যালোচনা প্রতিবেদন (তামাক, পাট ও তুলা)**

**সার সংক্ষেপঃ**

২০২২-২০২৩ অর্থ বছরে সামগ্রিক ভাবে ৭৬,০৫০ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৬৯,৯৮০ মেঃ টন তামাক উৎপাদন করা যায়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে মার্চ থেকে জুন মাসের মধ্যে। এরপর দেশি জাতের তামাক ক্রয় বিক্রয় হয়।

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ১.৩৪% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য স্থিতিশীল রয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২৮.৯৫% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ১১.৭৬% বৃদ্ধি পেয়েছে।

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য ১.১৪% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে।

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৭৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -২৬.৩৭% হ্রাস পেয়েছে।

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.১২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য -৬.০০% হ্রাস পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৫.০৭% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ২১.২৪% বৃদ্ধি পেয়েছে।

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ২.১২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -৩.১৮% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য -৪.৯৪% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -১২.৭০% হ্রাস পেয়েছে।

**পণ্যঃ তামাক**

ভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে ২০২১-২০২২ অর্থ বছরে সামগ্রিক ভাবে ১,১২,৯২৭ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৯১,৫৭৩ মেঃ টন তামাক উৎপাদন হয়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও ডিভি তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমাণ বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারি গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

## তামাক ফসলের পাইকারি মূল্য পরিস্থিতি

সারণী-১.১৫ টাকা/কুইন্টাল

| পণ্যের নাম | সেপ্টেম্বর/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| মতিহার | ১৫৯২৫ | ১৫৭১৫ | ১২৩৫০ | ১.৩৪% | ২৮.৯৫% |
| জাতি | ১৯০০০ | ১৯০০০ | ১৭০০০ | ০.০০% | ১১.৭৬% |


আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ১.৩৪% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য স্থিতিশীল রয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২৮.৯৫% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ১১.৭৬% বৃদ্ধি পেয়েছে।

### আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে তামাকের বাজার মুল্যের তুলনাঃ

**তামাক ফসলের খুচরা মূল্য পরিস্থিতি**

সারণী-১.১৬ টাকা/কেজি

| পণ্যের নাম | সেপ্টেম্বর/২০২৩ | আগষ্ট/২০২৩ | মাসিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মতিহার | ১৭৮.০০ | ১৭৬.০০ | ১.১৪% |
| জাতি | ২১৫.০০ | ২১৫.০০ | ০.০০% |




**তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র**

আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য ১.১৪% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে।


**পাটঃ**

প্রধান তিনটি আঁশ ফসল হলো পাট, কেনাফ ও মেস্তা। এদের মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়।

**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি**

সারণী-১.১৭ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | সেপ্টেম্বর/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| পাট (তোষা) | ৫৭০৬ | ৫৭৪৮ | ৭৭৫০ | -০.৭৩% | -২৬.৩৭% |
| তুলা (শিমুল) | ৪১৪১২ | ৩৯৭৭৩ | ৩৯৪১৫ | ৪.১২% | ৫.০৭% |
| তুলা (কার্পাস) | ১৮৪৬৪ | ১৯৬৪৩ | ১৫২২৯ | -৬.০০% | ২১.২৪% |




**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্র**

**পাটঃ** আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৭৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -২৬.৩৭% হ্রাস পেয়েছে।


**তুলাঃ** আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.১২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য -৬.০০% হ্রাস পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৫.০৭% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ২১.২৪% বৃদ্ধি পেয়েছে।

## তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি

সারণী-১.১৮ (টাকা/কেজি)

| পণ্যের নাম | সেপ্টেম্বর/২০২৩ | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| তুলা (শিমুল) | ৪৮১.০০ | ৪৭১.০০ | ৫০৬.০০ | ২.১২% | -৪.৯৪% |
| তুলা (কার্পাস) | ২১৩.০০ | ২২০.০০ | ২৪৪.০০ | -৩.১৮% | -১২.৭০% |

**তুলা ফসলের খুচরা মূল্য চিত্র**




**পাটঃ** জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেখানো হয়নি।

**তুলাঃ** আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ২.১২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -৩.১৮% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য -৪.৯৪% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -১২.৭০% হ্রাস পেয়েছে।

**কতিপয় প্রাণি সম্পদ ও মৎস্য সম্পদের জাতীয় পাইকারী গড় বাজারদরের মাসিক ও বার্ষিক হ্রাস-বৃদ্ধির পর্যালোচনা প্রতিবেদনঃ**

সারণী-১.১৯ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | গত মাস: | চলতি মাস | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%) | গত বছর | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| | আগষ্ট/২০২৩ | সেপ্টেম্বর /২০২৩ | | সেপ্টেম্বর /২০২৩ | |
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ৪৬২৮৩ | ৪৫৭৮৯ | -১.০৭% | ৪০৪১৭ | ১৩.২৯% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ৪৫১২৯ | ৪৪৮৪১ | -০.৬৪% | ৩৯৯৩৮ | ১২.২৮% |
| মোরগ-মুরগী-(ফার্ম) | ১৫৭৮৫ | ১৬৬৯৭ | ৫.৭৮% | ১৬১৮৭ | ৩.১৫% |
| গরুর মাংস | ৭০২২১ | ৬৯৯২০ | -০.৪৩% | ৬২২২৯ | ১২.৩৬% |
| খাসীর মাংস | ৯১৮৪৮ | ৯১৪৬৫ | -০.৪২% | ৭৯৮৬৯ | ১৪.৫২% |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ১৫৭৩ | ১৫৩৯ | -২.১৬% | ১৪৩৯ | ৬.৯৫% |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১১৬৩ | ১১৫৯ | -০.৩৪% | ১০১২ | ১৪.৫৩% |
| মাছ রুই (মাঝারী) | ৩৫০৮০ | ৩৫৬৬২ | ১.৬৬% | ৩০৯৬৫ | ১৫.১৭% |
| মাছ রুই ( ছোট) | ২৮৫০৩ | ২৮৯৫০ | ১.৫৭% | ২৪৭৬৮ | ১৬.৮৮% |
| মাছ কাতল (মাঝারী) | ৩৩৭৮৪ | ৩৩৪৮৪ | -০.৮৯% | ৩২১৫৫ | ৪.১৩% |
| মাছ কাতল (ছোট) | ২৭২৬২ | ২৭৫০৭ | ০.৯০% | ২৩১৭৪ | ১৮.৭০% |
| মাছ পাংগাস(ছোট) | ১৫৩০৬ | ১৫৬০৯ | ১.৯৮% | ১২৩৯৫ | ২৫.৯৩% |
| মাছ ইলিশ | ৯১৩৩১ | ৯০৭৪৮ | -০.৬৪% | ৮১৯৯০ | ১০.৬৮% |


| | | | | | |
|---|---|---|---|---|---|
| মাছ সিলভার কার্প | ১৭৪৩১ | ১৭৭৬৪ | ১.৯১% | ১৪৪১৫ | ২৩.২৩% |

**আগষ্ট /২০২৩ এর তুলনায় সেপ্টেম্বর /২০২৩ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্ধির হারঃ**

সারণী-১.২০ **টাকা/কুইন্টাল**

| **হ্রাসকৃত পণ্যের নাম** | **হ্রাসের হার (%)** | **বৃদ্ধিপ্রাপ্ত পণ্যের নাম** | **বৃদ্ধির হার (%)** |
|---|---|---|---|
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ১.০৭% | মোরগ-মুরগী-(ফার্ম) | ৫.৭৮% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ০.৬৪% | মাছ রুই (মাঝারী) | ১.৬৬% |
| গরুর মাংস | ০.৪৩% | মাছ রুই ( ছোট) | ১.৫৭% |
| খাসীর মাংস | ০.৪২% | মাছ কাতল (ছোট) | ০.৯০% |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ২.১৬% | মাছ পাংগাস(ছোট) | ১.৯৮% |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ০.৩৪% | মাছ সিলভার কার্প | ১.৯১% |
| মাছ কাতল (মাঝারী) | ০.৮৯% | | |
| মাছ ইলিশ | ০.৬৪% | | |

**আগষ্ট /২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর /২০২৩ মাসের পণ্যে মূল্যের হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




আগষ্ট /২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে মোরগ-মুরগী-(ফার্ম ৫.৭৮%, মাছ রুই (মাঝারী) ১.৬৬%, রুই (ছোট) ১.৫৭%, কাতল (ছোট) ০.৯০%, মাছ পাঙ্গাস (ছোট) ১. ৯৮%, সিলভার কার্প ১.৯১ %, এর মূল্য বৃদ্ধি পেয়েছে।

আগষ্ট /২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/ /২০২৩ এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে মোরগ-মুরগী-দেশি (বড়) ১.০৭%, মোরগ-মুরগী-দেশি (মাঝারী ০.৬৪% গরুর মাংস ০.৪৩%, খাসীর মাংশ ০.৪২%, ডিম-মুরগী-দেশী(১০০)টি ২.১৬%, ডিম-মুরগী-ফার্ম ) ০.৩৪% কাতল (মাঝারী) ০.৮৯ %, মাছ ইলিশ ০.৬৪.%, এর মূল্য **হ্রাস** পেয়েছে।

**বৃদ্ধির কারণঃ**

১. চাহিদার তুলনায় সরবরাহ কম;

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে;

৩. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে;

৪ . শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে;

৫. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (ডিম,মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

**হ্রাসের কারণঃ**

**হ্রাসের** কারণগুলো নিচে দেওয়া হলো।


১. এইসব পণ্যের সরবরাহ স্বাভাবিক থাকার ফলে এবং চহিদা তুলনামূলক কম থাকার কারণে মূল্য কিছুটা হ্রাস পেয়েছে।

**সেপ্টেম্বর / ২০২২ এর তুলনায় সেপ্টেম্বর / ২০২৩ এর পণ্য মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ**

সারণী-১.২১ (টাকা/কুইন্টাল)

| **হ্রাসকৃত পণ্যের নাম** | **হ্রাসের হার (%)** | **বৃদ্ধি প্রাপ্ত পণ্যের নাম** | **বৃদ্ধির হার (%)** | |
|---|---|---|---|---|
| | | মোরগ-মুরগী-দেশি (বড়) | ১৩.২৯% | |
| | | মোরগ-মুরগী-(মাঝারী) | ১২.২৮% | |
| | | মোরগ-মুরগী-(ফার্ম) | ৩.১৫% | |
| | | গরুর মাংস | ১২.৩৬% | |
| | | খাসীর মাংস | ১৪.৫২% | |
| | | ডিম-মুরগী-দেশী (১০০)টি | ৬.৯৫% | |
| | | ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১৪.৫৩% | |
| | | মাছ রুই (মাঝারী) | ১৫.১৭% | |
| | | মাছ রুই ( ছোট) | ১৬.৮৮% | |
| | | মাছ কাতল (মাঝারী) | ৪.১৩% | |
| | | মাছ কাতল (ছোট) | ১৮.৭০% | |
| | | মাছ পাঙ্গাস (ছোট) | ২৫.৯৩% | |
| | | মাছ ইলিশ | ১০.৬৮% | |
| | | মাছ সিলভার কার্প | ২৩.২৩% | |

**সেপ্টেম্বর / ২০২২ এর তুলনায় সেপ্টেম্বর / ২০২৩ মাসের পণ্যে মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




সেপ্টেম্বর **/ ২০২২ এর তুলনায়** সেপ্টেম্বর **/ ২০২৩** মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশি (বড়) ১৩.২৯%, মোরগ-মুরগী-দেশি (মাঝারী) ১২.২৮%, মোরগ-মুরগী-(ফার্ম) ৩.১৫%, গরুর মাংস ১২.৩৬%, খাসীর মাংস ১৪.৫২%, ডিম-মুরগী-দেশী (১০০)টি ৬.৯৫%, ডিম-মুরগী-ফার্ম (১০০), ১৪.৫৩%, মাছ রুই (মাঝারী) ) ১৫.১৭%,মাছ রুই (ছোট) ১৬.৮৮%, মাছ কাতল (মাঝারী) ৪.১৩%, মাছ কাতল (ছোট) ১৮.৭০%,পাঙ্গাস (ছোট)) ২৫.৯৩%, মাছ ইলিশ ১০.৬৮%, মাছ সিলভার কার্প ২৩.২৩%, এর মূল্য উল্লেখিত হারে বৃদ্ধি পেয়েছে।

**<u>হ্রাস/বৃদ্ধির কারণঃ</u>**

সেপ্টেম্বর **/ ২০২২ এর তুলনায়** সেপ্টেম্বর **/ ২০২৩** মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, সকল মৎস্য ও প্রাণি সম্পদের মূল্য বৃদ্ধি পেয়েছে। বৃদ্ধির কারণগুলো নিচে দেওয়া হলো।

১. চাহিদার তুলনায় সরবরাহ কম।

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে

৩. মাছ ও পশু খাদ্যের মূল্য অস্বাভাবিকহারে বৃদ্ধি।

৪. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে।

৫. শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৬. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (ডিম,মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

## রিপোর্টিং মাসঃ সেপ্টেম্বর/২০২৩ মাসের কতিপয় পণ্যের সর্বোচ্চ ও সর্বনিম্ন বাজার দরঃ

সারণী-১.২২ টাকায় (কুইন্টাল/প্রতিশত)

| পণ্যের নাম | সর্বোচ্চ দর | | সর্বনিম্ন দর | |
|---|---|---|---|---|
| | জেলার নাম | টাকা | জেলার নাম | টাকা |
| মোরগ-মুরগী-(ফার্ম) | নারায়নগঞ্জ | ১৭৪৫০ | হবিগঞ্জ | ১৭৪৫০ |
| গরুর মাংস | নোয়াখালি | ৭৭৭৫০ | যশোর | ৫৯৫০০ |
| খাসীর মাংস | নোয়াখালি | ১০৫৫০০ | হবিগগঞ্জ | ৮০০০০ |
| মুরগীর- ডিম ফার্ম ১০০)টি | কাপ্তাই | ১৩১০ | টাংগাইল | ১০৫০ |
| রুই মাছ (মাঝারী)দেশী | খুলনা | ৫০০০০ | ফেনি | ২৫৫০০ |
| ইলিশ মাছ (৬০০-৭০০গ্রাম) | সিলেট | ১৬৭৫০০ | চট্রগ্রাম(৪০০-৫০০গ্রাম) | ৫৭৫০০ |

**শাক-সবজির বাজার মূল্য পরিস্থিতির মাসিক/বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন।**


কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজার দরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্যানুযায়ী শাক-সবজির সেপ্টেম্বর/২০২৩ খ্রি: মাসের মাসিক ও বার্ষিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ:

সারণী-১.২৩ **সেপ্টেম্বর/২০২৩ মাসে শাক-সবজির পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি**

| ক্রঃ নং | পণ্যের নাম | পাইকারী (পরিমাণঃ প্রতি কুইঃ) | | | | | খুচরা (পরিমাণঃ প্রতি কেজি) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | সেপ্টেম্বর/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২২ | | | সেপ্টেম্বর/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২২ | | |
| ১ | আলু দেশী | ৪,৫৭১ | ৪,২৭৭ | ২,৭৯৫ | ৬.৮৭% | ৬৩.৫৪% | ৫২.১৪ | ৪৮.২৩ | ৩২.৭৮ | ৮.১১% | ৫৯.০৬% |
| ২ | আলু হল্যান্ড সাদা | ৩,৮৯৬ | ৩,৪০৬ | ২,২০৪ | ১৪.৩৯% | ৭৬.৭৭% | ৪৩.৫৩ | ৩৯.০৩ | ২৬.২০ | ১১.৫৩% | ৬৬.১৫% |
| ৩ | আলু হল্যান্ড লাল | ৩,৮৪৩ | ৩,৪০৪ | ২,২৪২ | ১২.৯০% | ৭১.৪১% | ৪৩.২৬ | ৩৮.৯৭ | ২৬.৬১ | ১১.০১% | ৬২.৫৭% |
| ৪ | মিষ্টি আলু | ২,৯১৬ | ২,৭৯৫ | ২,৫২১ | ৪.৩৩% | ১৫.৬৭% | ৩৬.৩৩ | ৩৪.৭৮ | ৩০.৯৬ | ৪.৪৬% | ১৭.৩৪% |
| ৫ | বেগুন (লম্বা) | ৪,২৮৬ | ৩,৭৭৩ | ৩,৭২৫ | ১৩.৬০% | ১৫.০৬% | ৫৩.২১ | ৪৬.৬৭ | ৪৫.৯৭ | ১৪.০১% | ১৫.৭৫% |
| ৬ | বেগুন (গোল) | ৫,১৯১ | ৪,৪৪৬ | ৪,১৬২ | ১৬.৭৬% | ২৪.৭২% | ৬২.৬১ | ৫৪.২৮ | ৫১.৪২ | ১৫.৩৫% | ২১.৭৬% |
| ৭ | পটল | ৩,৪৫৪ | ৩,০২৬ | ৩,০৭৪ | ১৪.১৪% | ১২.৩৬% | ৪২.৭১ | ৩৮.১০ | ৩৮.৭৮ | ১২.১০% | ১০.১৩% |
| ৮ | চালকুমড়া(১০০টি/প্রতিটি) | ২,৭৪৮ | ২,৬৩৪ | ২,২৮৯ | ৪.৩৩% | ২০.০৫% | ৩৫.২৮ | ৩৩.৯৫ | ৩০.০৬ | ৩.৯২% | ১৭.৩৭% |
| ৯ | মিষ্টিকুমড়া | ২,৯৪১ | ২,৬৪৭ | ২,৮০২ | ১১.১১% | ৪.৯৬% | ৩৬.৮৮ | ৩৩.৪৮ | ৩৫.২২ | ১০.১৬% | ৪.৭১% |
| ১০ | লাউ (১০০টি/প্রতিটি) | ২,৯৪৮ | ৩,০৪৩ | ২,৮০৭ | -৩.১২% | ৫.০২% | ৩৯.১৫ | ৪০.৫৯ | ৩৬.৫৪ | -৩.৫৫% | ৭.১৪% |
| ১১ | উচ্ছে | ৫,৫০২ | ৬,০৯১ | ৪,৬৬৫ | -৯.৬৭% | ১৭.৯৪% | ৬৬.৭৪ | ৬৯.০১ | ৫৭.৮৩ | -৩.২৯% | ১৫.৪১% |
| ১২ | করলা | ৫,১৫৯ | ৪,৩৮৪ | ৪,৪৪৪ | ১৭.৬৮% | ১৬.০৯% | ৬২.৮৯ | ৬৪.৮২ | ৫৩.৯৫ | -২.৯৮% | ১৬.৫৭% |
| ১৩ | কাঁচা পেঁপে | ১,৯৭২ | ২,২৮১ | ১,৫৫১ | -১৩.৫৫% | ২৭.১৪% | ২৬.৯৪ | ৩০.৫১ | ২১.৪৩ | -১১.৭০% | ২৫.৭১% |
| ১৪ | মুখিকচু | ৫,৩৯৩ | ৫,১৩০ | ৩,২৬৭ | ৫.১৩% | ৬৫.০৭% | ৬৪.২৬ | ৬১.৬৯ | ৪১.০৫ | ৪.১৭% | ৫৬.৫৪% |
| ১৫ | কচুরলতি | ৪,৫৩৩ | ৪,৩০০ | ৩,৭১৯ | ৫.৪২% | ২১.৮৯% | ৫৫.৭৯ | ৫৩.১৬ | ৪৫.৪৬ | ৪.৯৫% | ২২.৭২% |
| ১৬ | ঢেঁড়স | ৩,৭১৩ | ৩,৩৯৯ | ৩,১৭৫ | ৯.২৪% | ১৬.৯৪% | ৪৬.৩১ | ৪২.৭৬ | ৪০.২৩ | ৮.৩০% | ১৫.১১% |
| ১৭ | শসা | ৩,৩৯৬ | ৩,২৮২ | ৩,৬১৮ | ৩.৪৭% | -৬.১৪% | ৪৪.০৭ | ৪২.০৪ | ৪৪.৯৫ | ৪.৮৩% | -১.৯৬% |
| ১৮ | ক্ষিরা | ৩,৪৭০ | ৩,২১২ | ২,৯৯৩ | ৮.০৩% | ১৫.৯৪% | ৪৪.৩৬ | ৪১.১০ | ৩৯.৬৫ | ৭.৯৩% | ১১.৮৮% |
| ১৯ | বরবটি | ৫,৪১৯ | ৪,৬৯৬ | ৪,১৬৭ | ১৫.৪০% | ৩০.০৫% | ৬৪.৯৬ | ৫৭.৩৭ | ৫১.২২ | ১৩.২৩% | ২৬.৮৩% |
| ২০ | টমেটো-পাঁকা | ৯,২০৯ | ১৪,২৬০ | ৮,৭৭৬ | -৩৫.৪২% | ৪.৯৩% | ১১০.০৫ | ১৬৩.৮১ | ১০৬.৮০ | -৩২.৮২% | ৩.০৪% |
| ২১ | ঝিংগা | ৪,০২৬ | ৩,৯২২ | ৩,৩৫২ | ২.৬৫% | ২০.১১% | ৪৮.৯৫ | ৪৮.৪২ | ৪১.৯৭ | ১.০৯% | ১৬.৬৩% |
| ২২ | চিচিংগা | ৩,৪৭৮ | ৩,২১২ | ২,৯৩৭ | ৮.২৮% | ১৮.৪২% | ৪৩.২৯ | ৪০.৭০ | ৩৭.৩৩ | ৬.৩৬% | ১৫.৯৭% |
| ২৩ | ধুন্দল | ২,৯৭৩ | ২,৭৮২ | ২,৪০৯ | ৬.৮৭% | ২৩.৪১% | ৩৭.২৪ | ৩৬.৮৮ | ৩১.৮০ | ০.৯৮% | ১৭.১১% |
| ২৪ | লালশাক | ২,৫৫৩ | ২,৩০৪ | ২,২৫১ | ১০.৮১% | ১৩.৪২% | ৩৩.৯০ | ৩০.৫৩ | ৩০.২২ | ১১.০৪% | ১২.১৮% |
| ২৫ | পালংশাক | ২,৩০৭ | ২,০০৮ | ২,৪৩৫ | ১৪.৮৯% | -৫.২৬% | ৩১.২৫ | ৩১.২৮ | ২৮.৮১ | -০.১০% | ৮.৪৭% |
| ২৬ | পুঁইশাক | ১,৯০৫ | ১,৭৬৮ | ১,৬৭৪ | ৭.৭৫% | ১৩.৮০% | ২৫.৫৪ | ২৩.৮১ | ২৩.০০ | ৭.২৭% | ১১.০৪% |
| ২৭ | ডাটা | ২,০৭৪ | ১,৯৭৭ | ১,৭১০ | ৪.৯১% | ২১.২৯% | ২৮.২৩ | ২৭.০৬ | ২৪.৭৬ | ৪.৩২% | ১৪.০১% |
| ২৮ | গাজর | ৯,৭৭৯ | ১০,০৪৪ | ১০,৩৮৯ | -২.৬৪% | -৫.৮৭% | ১১৭.০৮ | ১১৭.৬১ | ১২০.৬২ | -০.৪৫% | -২.৯৩% |
| ২৯ | কাঁচাকলা (৮০টি/৪টি) | ৪৬৬ | ৫৪৬ | ৪০৭ | -১৪.৬৫% | ১৪.৫০% | ২৯.৮১ | ২৯.২৫ | ২৮.০০ | ১.৯১% | ৬.৪৬% |
| ৩০ | মূলা | ৩,২৫৭ | ৩,১৪৩ | ৩,৩১০ | ৩.৬৩% | -১.৬০% | ৪১.৪৩ | ৪১.৬৯ | ৪১.৩৩ | -০.৬২% | ০.২৪% |

## গত মাসের তুলনায় সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ও হ্রাসপ্রাপ্ত শাক সবজি


### পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | করলা | বেগুন (গোল) | বরবটি | পালংশাক | আলু হল্যান্ড সাদা |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ৫,১৫৯ | ৫,১৯১ | ৫,৪১৯ | ২,৩০৭ | ৩,৮৯৬ |
| আগষ্ট/২৩ | ৪,৩৮৪ | ৪,৪৪৬ | ৪,৬৯৬ | ২,০০৮ | ৩,৪০৬ |

শাকসবজির বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, গত আগষ্ট/২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসে পাইকারী পর্যায়ে করলা ১৭.৬৮%, বেগুন (লম্বা) ১৬.৭৬%, বরবটি ১৫.৪০%, পালংশাক ১৪.৮৯% ও আলু হল্যান্ড সাদা ১৪.৩৯% বৃদ্ধি পেয়েছে। করলা, বেগুন (লম্বা), বরবটি, পালংশাক এর সবজির মৌসুম শেষ হওয়ায় বাজারে সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।


### পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | টমেটো-পাঁকা | কাঁচাকলা (৮০টি) | কাঁচা পেঁপে | উচ্ছে | লাউ (১০০টি) |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ৯,২০৯ | ৪৬৬ | ১,৯৭২ | ৫,৫০২ | ২,৯৪৮ |
| আগষ্ট/২৩ | ১৪,২৬০ | ৫৪৬ | ২,২৮১ | ৬,০৯১ | ৩,০৪৩ |

আগষ্ট/২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসে টমেটো পাঁকা, ৩৫.৪২%, কাঁচাকলা (৮০টি) ১৪.৬৫%, কাঁচাপেপে ১৩.৫৫% , উচ্ছে ৯.৬৭%ও লাউ (১০০টি) ৩.৮৪% পর্যন্ত পাইকারী পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর মাসে বাজারে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য হ্রাস পেয়েছে।


### খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ




| | বেগুন (গোল) | বেগুন (লম্বা) | বরবটি | পটল | আলু হল্যান্ড সাদা |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ৬২.৬১ | ৫৩.২১ | ৬৪.৯৬ | ৪২.৭১ | ৪৩.৫৩ |
| আগষ্ট/২৩ | ৫৪.২৮ | ৪৬.৬৭ | ৫৭.৩৭ | ৩৮.১০ | ৩৯.০৩ |

পাইকারী মূল্যের সাথে সংগতি রেখে খুচরা বাজারেও আগষ্ট/২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসে খুচরা পর্যায়ে বেগুন (গোল) ১৫.৩৫%, বেগুন (লম্বা) ১৪.০১%, বরবটি ১৩.২৩%, পটল ১২.১০% ও আলু হল্যান্ড সাদা ১১.৫৩% বৃদ্ধি পেয়েছে।
বেগুন (গোল), বরবটি, পটল, বেগুন (লম্বা) সবজির মৌসুম শেষ হওয়ায় বাজারে সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।

### খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ





| | টমেটো-পাঁকা | কাঁচা পেঁপে | লাউ (প্রতিটি) | উচ্ছে | করলা |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ১১০.০৫ | ২৬.৯৪ | ৩৯.১৫ | ৬৬.৭৪ | ৬২.৮৯ |
| আগস্ট/২৩ | ১৬৩.৮১ | ৩০.৫১ | ৪০.৫৯ | ৬৯.০১ | ৬৪.৮২ |

পাইকারী বাজারের সাথে সংগতি রেখে খুচরা পর্যায়েও আগষ্ট/২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসে টমেটো পাঁকা ৩২.৮২%, কাঁচা পেঁপে ১১.৭০%, লাউ ৩.৫৫%, উচ্ছে ৩.২৯% ও করলা ২.৯৮% পর্যন্ত খুচরা পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর মাসে বাজারে সরবরাহ বেশী থাকায় এর মূল্য হ্রাস পেয়েছে।

## নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিনে প্রায় ৪০টি শাকসবজির পাইকারী ও খুচরা বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল শাকসবজির তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-5 শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে যা বছরজুড়ে পাওয়া যায় যথা আলু (সাদা ও লাল), বেগুন (লম্বা), শসা, কাঁচাপেঁপে, লাউ, গাজর, টমেটো, লালশাক ও পুঁইশাক।


### আলু সাদা




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২১৬৬ | ২৯২৯ | ৩১৬৯ | ৩৩৬২ | ৩৪০৬ | ৩৮৯৭ |
| খুচরা | ২৫.৬৮ | ৩৩.৮০ | ৩৬.১৭ | ৩৮.৩৮ | ৩৯.০৩ | ৪৩.৫৩ |

আলু **(সাদা)** এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় এপ্রিল মাস হতে সেপ্টেম্বর পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় এপ্রিল হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে **৩২.৬২%** পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। এপ্রিল মাসে হিমাগারে আলু সংরক্ষণ করায় বাজারে আলুর সরবরাহ হ্রাস পায় ফলে আলুর মূল্য বৃদ্ধি পায়।


**আলু লাল**




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২২৪৬ | ২৯৬৮ | ৩১০২ | ৩৩০৪ | ৩৪০৪ | ৩৮৪৩ |
| খুচরা | ২৬.৭৪ | ৩৪.৫১ | ৩৫.৯১ | ৩৭.৮৮ | ৩৮.৯৭ | ৪৩.২৬ |

আলু (লাল) এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় এপ্রিল মাস হতে সেপ্টেম্বর পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় এপ্রিল হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে **২৯.০৬%** পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। এপ্রিল মাসে হিমাগারে আলু সংরক্ষণ করায় বাজারে আলুর সরবরাহ হ্রাস পায় ফলে আলুর মূল্য বৃদ্ধি পায়।


**বেগুন (লম্বা)**




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩২৬৬ | ৩১১৫ | ৩২৩৬ | ৩৮১০ | ৩৭৭৩ | ৪২৮৭ |
| খুচরা | ৪০.৯৬ | ৩৯.৩৯ | ৪০.৪৩ | ৪৭.০১ | ৪৬.৬৭ | ৫৩.২১ |

বেগুন (লম্বা) এর বিগত ছয় মাসের লেখচিত্রে বাজারদরের মিশ্র প্রবণতা দেখা যায়। এপ্রিল মাস হতে জুন পর্যন্ত বাজারদর স্থিতিশীল ছিল। জুলাই মাসে কিছুটা বৃদ্ধি পেয়ে আগষ্ট মাসে হ্রাস পেয়েছে। আবার সেপ্টেম্বর মাসে ১৪.০১% পর্যন্ত বৃদ্ধিপেয়েছে। পেয়েছে।


**লাউ**




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২৯০৩ | ৩০৪৯ | ২৯২০ | ৩১৬৫ | ৩০৪৩ | ২৯৪৮ |
| খুচরা | ৩৮.৪৪ | ৪০.৮৩ | ৩৯.৭৭ | ৪১.৭৭ | ৪০.৫৯ | ৩৯.১৫ |

বিগত ছয় মাসের লেখচিত্র থেকে লাউ এর বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। এপ্রিল মাসের তুলনায় মে মাসে বাজারে লাউ এর সরবরাহ হ্রাস পাওয়ার ফলে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ১৮% ও ১৪% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। আবার জুন মাসে বর্ষার মৌসুমে লাউ সবজির চাহিদা কিছুটা কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য সামান্য হ্রাস পেয়েছে। জুন মাসের তুলনায় জুলাই মাসে বাজারে লাউ এর সরবরাহ কম থাকায় মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে। আবার জুলাই এর তুলনায় আগষ্ট ও সেপ্টেম্বর মাসে লাউ এর মূল্য ৩.৫৫% হ্রাস পেয়েছে।


## ৩.৫ কাঁচাপেঁপে




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২৩৮০ | ৩৫২৭ | ৩২৭৯ | ২৮৪৯ | ২২৮১ | ১৯৭৩ |
| খুচরা | ৩০.৬৮ | ৪৩.৮৪ | ৪১.০৬ | ৩৬.৫২ | ৩০.৫১ | ২৬.৯৪ |

কাঁচাপেঁপের ক্ষেত্রে বাজারদর উর্দ্ধমুখী দেখা যায়। এপ্রিল মাসের তুলনায় মে মাসে বাজারে পেঁপের সরবরাহ কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে প্রায় ৪৮.১৯% ও ৪২.৮৯% বৃদ্ধি পেয়েছে। আবার মে মাসের তুলনায় জুন, জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসে পেঁপের সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা পর্যায়ে মূল্য প্রায় ১৯.৯৪% পর্যন্ত হ্রাস পেয়েছে।


## ৩.৬ শসা




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৪০৬১ | ৩৪৭৫ | ৩০১৬ | ২৯০০ | ৩২৮২ | ৩৩৯৬ |
| খুচরা | ৫১.০০ | ৪৩.৮৪ | ৪১.০৬ | ৩৭.৮৩ | ৪২.০৪ | ৪৪.০৭ |

শসা'র ক্ষেত্রে বিগত ছয় মাসের বাজারদরের চিত্র আপেক্ষিক স্থিতিশীল। এপ্রিলে রমজান উপলক্ষ্যে শসার চাহিদা বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ৪৭% বৃদ্ধি পায়। মে, জুন ও জুলাই মাসে শসার সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ২৫% হ্রাস পেয়েছে। আবার জুলাই এর তুলনায় আগষ্ট ও সেপ্টেম্বর মাসে শসার মূল্য ১৩.১৭% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে।


## ৩.৭ টমেটো




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২৩৫৫ | ৩২৪৩ | ৪৭৭৫ | ১১১২৫ | ১৪২৬০ | ৯২০৯ |
| খুচরা | ৩১.২৮ | ৪১.৭৫ | ৫৯.৪৮ | ১৩২.১৪ | ১৬৩.৮১ | ১১০.০৫ |

বিগত ছয় মাসের টমেটোর বাজারদর উর্দ্ধমুখী দেখা যায়। এপ্রিল মাসের তুলনায় মে ও জুন মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায় টমেটোর বাজারদর সামান্য বৃদ্ধি পেলেও জুলাই ও আগষ্ট মাসে বাজারদর বেশী বৃদ্ধি পেয়েছে। মে মাস হতে টমেটোর মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও টমেটোর সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত টমেটোর উপর নির্ভরশীল থাকায় জুলাই ও আগষ্ট মাসে ১৩২.৯৮% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। আবার আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩৫.৪২% হ্রাস পেয়েছে।


## ৩.৮ লাল শাক




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২০৬৬ | ২১৯৯ | ২২৮৪ | ২৩৫২ | ২৩০৪ | ২৫৫৩ |
| খুচরা | ২৭.৩২ | ২৮.৮২ | ২৯.৪৭ | ৩১.২০ | ৩০.৫৩ | ৩৩.৯০ |

লালশাক এর বিগত ছয় মাসের বাজারদরের লেখচিত্র থেকে দেখা যায় যে, এপ্রিল মাসের তুলনায় মে, জুন ও জুলাই পর্যন্ত পাইকারী ও খুচরা মূল্য প্রতিমাসে গড়ে ৫.৮% বৃদ্ধি পেয়েছে। আবার জুলাই এর তুলনায় আগষ্ট মাসে কিছুটা হ্রাস পেয়ে সেপ্টেম্বর মাসে পাইকারী ও খুচরা পর্যায় ১০.৮১ ও ১১.০৪% বৃদ্ধি পেয়েছে।


## ৩.৯ পুঁই শাক




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ১৮২৪ | ১৭৮৫ | ১৭২৬ | ১৬৭৫ | ১৭৬৮ | ১৯০৫ |
| খুচরা | ২৪.৬০ | ২৪.২৮ | ২৩.১৬ | ২৩.৬৯ | ২৩.৮১ | ২৫.৫৪ |

পুঁইশাক এর বাজারদরের বিগত ছয় মাসের লেখচিত্র থেকে নিম্নমুখী দেখা যায়। এপ্রিল মাসের তুলনায় মে হতে জুলাই মাস পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর প্রতিমাসে গড়ে প্রায় ৩-৪% পর্যন্ত হ্রাস পেয়েছে। জুলাইয়ের তুলনায় আগষ্ট ও সেপ্টেম্বর মাসে মূল্য ৫.৫৫ ও ৭.৭৫% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে।

## ৩.১০ গাজর




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩৩৭৪ | ৫০২৮ | ৭০৮৫ | ৮৭৯০ | ১০০৪৪ | ৯৭৭৯ |
| খুচরা | ৪১.৩২ | ৬০.৪৯ | ৮৬.৬০ | ১০৪.৩৩ | ১১৭.৬১ | ১১৭.০৮ |

বিগত ছয় মাসের লেখচিত্রে এপ্রিল/২৩ হতে আগষ্ট পর্যন্ত গাজরের বাজার মূল্য উর্দ্ধমুখী দেখা যায়। মে মাসে গাজরের মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও গাজরের সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত গাজরের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায় ফলে এপ্রিল/২৩ হতে আগষ্ট পর্যন্ত প্রতিমাসে ৩০%- ৫০% মূল্য বৃদ্ধি পায়। আগষ্ট মাসের তুলনায় সেপ্টেম্বর মাসে মূল্য ৩.৬৪% পর্যন্ত হ্রাস পেয়েছে।

## ফলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন:

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজারদরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্যানুযায়ী আগস্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩ মাসের এবং গত বছরের সেপ্টেম্বর/২০২২ মাসের তুলনায় চলতি বছরের সেপ্টেম্বর/২০২৩ মাসে ফলের মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ।


### সেপ্টেম্বর/২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের সার্বিক পরিস্থিতি

**সারণী-১২৪ সেপ্টেম্বর/২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি**

| ক্রঃ নং | পণ্যের নাম | একক | পাইকারী মূল্য | | | | | একক | খুচরা মূল্য | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | | সেপ্টেম্বর/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২২ | | | | সেপ্টেম্বর/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২২ | | |
| ১ | ডাব | ১০০টি | ৭,৮২১ | ৭,৪৫৯ | ৫,৯১৭ | ৪.৮৫% | ৩২.১৮% | প্রতিটি | ৯৮.০০ | ৯৩.০০ | ৭৫.৪৬ | ৫.৩৮% | ২৯.৮৭% |
| ২ | এলাচি লেবু | ১০০টি | ২৬২ | ২৫৩ | ৩২৪ | ৩.৫৬% | -১৯.১৪% | ৪টি | ১৬.০০ | ১৬.০০ | ১৮.৬২ | ০.০০% | -১৪.০৭% |
| ৩ | কাগজী লেবু | ১০০টি | ২৭৪ | ২৫৪ | ৩০৯ | ৭.৮৭% | -১১.৩৩% | ৪টি | ১৭.০০ | ১৫.০০ | ১৭.৬৩ | ১৩.৩৩% | -৩.৫৭% |
| ৪ | পেঁয়ারা | কুইঃ | ৪,৪১২ | ৪,০৭৪ | ৪,৫২৩ | ৮.৩০% | -২.৪৫% | কেজি | ৫৬.০০ | ৫৩.০০ | ৫৮.৮৬ | ৫.৬৬% | -৪.৮৬% |
| ৫ | কমলা | কুইঃ | ২৬.১১৩ | ২৩,১১৭ | ১৮,৪৯১ | ১২.৯৬% | ৪১.২২% | কেজি | ২৩৯.০০ | ২৫৫.০০ | ২১০.৯৯ | ১৪.৯০% | ৩৮.৮৭% |
| ৬ | আপেল | কুইঃ | ২৫,০৪৯ | ২৪,৫০০ | ১৯,০০ | ২.২৪% | ৩১.৮৪% | কেজি | ২৮৩.০০ | ২৭৫.০০ | ২১২.০৭ | ২.৯১% | ৩৩.৪৫% |
| ৭ | পাঁকাপেঁপে | ১০০টি | ৬,৮৬৫ | ৬,২৮২ | ৬,২৩২ | ৯.২৮% | ১০.১৬% | প্রতিটি | ৯৩.০০ | ৯৭.০০ | ৮৩.৪৪ | -৪.১২% | ১১.৪৬% |
| ৮ | কলা -চাঁপা | ৮০টি | ২৯৫ | ২৮৩ | ৩১১ | ৪.২৪% | -৫.১৪% | ৪টি | ২০.০০ | ১৯.০০ | ১৯.৩০ | ৫.২৬% | ৩.৬৩% |
| ৯ | কলা-সবরি | ৮০টি | ৪৯৪ | ৪৯১ | ৫০৩ | ০.৬১% | -১.৭৯% | ৪টি | ৩২.০০ | ৩২.০০ | ৩১.২৬ | ০.০০% | ২.৩৭% |
| ১০ | কলা- সাগর | ৮০টি | ৪০৯ | ৪৩৪ | ৩৯৬ | -৫.৭৬% | ৩.২৮% | ৪টি | ২৬.০০ | ২৬.০০ | ২৪.৯১ | ০.০০% | ৪.৩৮% |
| ১১ | আনারস-ক্যালেংগা | ১০০টি | ৪,৪৮৬ | ৪,০১৭ | ৪,৫২৫ | ১১.৬৮% | -০.৮৬% | প্রতিটি | ৬০.০০ | ৫৩.০০ | ৬১.২৪ | ১৩.২১% | -২.০২% |
| ১২ | আনারস-জলডুবি | ১০০টি | ৩,৯৯১ | ৩,৭৯৭ | ৩,৪৫৫ | ৫.১১% | ১৫.৫১% | প্রতিটি | ৫৬.০০ | ৫৪.০০ | ৪৫.০৭ | ৩.৭০% | ২৪.২৫% |
| ১৩ | শুকনা-নারিকেল | ১০০টি | ৮,১৪৭ | ৭,৬৯৮ | ৭,১৩৯ | ৫.৮৩% | ১৪.১২% | প্রতিটি | ১০০.০০ | ৯৭.০০ | ৮৫.৮৫ | ৩.০৯% | ১৬.৪৮% |
| ১৪ | খেজুর | কুইঃ | ৪০,৫৪১ | ৪০,৮৫৭ | ২৬,৭৬৭ | -০.৭৭% | ৫১.৪৬% | কেজি | ৪৮৪.০০ | ৪৫৭.০০ | ৩২০.৯৩ | ৫.৯১% | ৫০.৮১% |

## সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ও হ্রাস প্রাপ্ত ফল

**পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ**




বিভিন্ন প্রকার ফলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, বিগত মাসের তুলনায় সেপ্টেম্বর মাসের পাইকারী পর্যায়ে কমলা এর মূল্য ১৩%, আনারস-ক্যালেংগা এর মূল্য ১২%, পাঁকা-পেঁপে এর মূল্য ৯.২৮%, পেয়ারা এর মূল্য ৮.৩০%, এবং কাগজী-লেবু এর মূল্য ৮% বৃদ্ধি পেয়েছে। তীব্র গরম হওয়ার কারনে আমদানীর তুলনায় চাহিদার পরিমান বেশী থাকায় এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেলেছে। বাজারদর সহনশীল পর্যায়ে রয়েছে।


## <u>২.২ পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ</u>




| | কলা- সাগর | খেজুর | কলা-সবরি | আপেল | এলাচি লেবু |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ৪০৯ | ৪০,৫৪১ | ৪৯৪ | ২৫,০৪৯ | ২৬২ |
| আগষ্ট/২৩ | ৪৩৪ | ৪০,৮৫৭ | ৪৯১ | ২৪,৫০০ | ২৫৩ |

বিগত মাসের তুলনায় সেপ্টেম্বর মাসে কলা-সাগর ও খেজুর এর ভরা মৌসুমে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য যথাক্রমে ৬% ও ০.৭৭% হ্রাস পেয়েছে। এছাড়া কলা-সবরি এর মূল্য ০.৬১%, আপেল এর মূল্য ২.২৪% ও এলাচি-লেবু এর মূল্য ৪% বৃদ্ধি পেয়েছে।


## <u>খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ</u>




| | কমলা | কাগজী লেবু | আনারস-ক্যালেংগা | খেজুর | পেঁয়ারা |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ২৯৩.০০ | ১৭.০০ | ৬০.০০ | ৪৮৪.০০ | ৫৬.০০ |
| আগষ্ট/২৩ | ২৫৫.০০ | ১৫.০০ | ৫৩.০০ | ৪৫৭.০০ | ৫৩.০০ |

পাইকারী বাজারদরের সাথে সংগতি রেখে বিগত মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসে খুচরা পর্যায়ে একই পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে। কমলা এর মূল্য ১৫%, কাগজী-লেবু এর মূল্য ১৩.৩৩%, আনারস-ক্যালেংগা এর মূল্য ১৩.২১%, খেজুর মূল্য ৬% এবং পেয়ারা এর মূল্য ৬% বৃদ্ধি পেয়েছে। এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেলেও বাজারদর সহনশীল পর্যায়ে রয়েছে।

## <u>খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ</u>





| | পাঁকাপেঁপে | এলাচি লেবু | কলা-সবরি | কলা- সাগর | আপেল |
|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২৩ | ৯৩.০০ | ১৬.০০ | ৩২.০০ | ২৬.০০ | ২৮৩.০০ |
| আগষ্ট/২৩ | ৯৭.০০ | ১৬.০০ | ৩২.০০ | ২৬.০০ | ২৭৫.০০ |

ফলমূলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে আগষ্ট/২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২৩ মাসের খুচরা পর্যায়ে পাঁকা-পেঁপে ৪.১২% মূল্য হ্রাস পেয়েছে। এলাচি-লেবু, কলা-সবরি, ও কলা-সাগর বাজারে সরবরাহ স্থিতিশীল থাকায় মূল্য অপরির্বতিত রয়েছে। এছাড়া আপেলে এর মূল্য ৩% বৃদ্ধি পেয়েছে।

## নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিন ফরমের মধ্যে প্রায় ৩৩টি ফলের পাইকারী বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল ফলের তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-৩ শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে; যা বছরজুড়ে পাওয়া যায় যথা: পেয়ারা, কমলা, আপেল, পাঁকা-পেঁপে, কলা-সবরি, আনারস-ক্যালেংগা, নারিকেল, খেজুর, ডাব ও এলাচি-লেবু।


### ডাব




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৬৪০৭ | ৬৮২৬ | ৭০১৬ | ৭১৫৫ | ৭৪৫৯ | ৭৮২১ |
| খুচরা | ৭৯.০০ | ৮৪.০০ | ৮৬.০০ | ৮৭.০০ | ৯৩.০০ | ৯৮.০০ |

বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় যে, এপ্রিল থেকে মে মাস পর্যন্ত বাজারদর নিম্নমূখী রয়েছে। গ্রীষ্ম মৌসুম হওয়ায় ডাবের মূল্য বৃদ্ধি পেতে থাকে। এই সময়ে পাইকারী পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ১১.২৯% ও ৭% এবং খুচরা পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ৭% ও ৬.৩৩% মূল্য বৃদ্ধি পায়। জুন, জুলাই ও,আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩%, ২%, ৪.২৫% ও ২.৩৮%, ১.১৬% ও ৭%, মূল্য বৃদ্ধি পায়। রিপোর্টিং মাসে গ্রীষ্মের তীব্রতায় ডেঙ্গু ও ভাইরাস জ্বরের কারণে ডাবের চাহিদা বৃদ্ধি পেতে থাকে; ফলে পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে ৫% ও ৫.৩৮% মূল্য বৃদ্ধি পায়।


### এলাচিলেবু




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/ ২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৪৯১ | ৩৫৩ | ২৬০ | ২৫০ | ২৫৩ | ২৬২ |
| খুচরা | ২৬.০০ | ২১.০০ | ১৫.০০ | ১৪.০০ | ১৬.০০ | ১৬.০০ |


এলাচি লেবুর ক্ষেত্রে বিগত ছয় মাসে পাইকারী ও খুচরা মূল্যের অস্থিতিশীল প্রবাহ দেখা যায়। এপ্রিল ও মে মাসে লেবুর সরবরাহ বেশী থাকায় পাইকারী মূল্য ১২.১৬% ও ২৮.১১% হ্রাস পায়। খুচরা মূল্য ৪% ও ১৯.২৩% হ্রাস পায়। এছাড়া বাজারে আমদানী বেশি হওয়ায় জুন ও জুলাই মাসে পাইকারী মূল্য ২৬.৩৫% ও ৪% এবং খুচরা মূল্য ২৯% ও ৭% হ্রাস পায়। আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.২০% ও ১৪.২৯% বৃদ্ধি পায়। রিপোর্টিং মাসে পাইকারী ৪% বৃদ্ধি পায় ও খুচরা মূল্য অপরির্বতিত রয়েছে।

### পেঁয়ারা





বিগত ছয় মাসে পেঁয়ারা এর পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। এপ্রিল মাসে পাইকারী ও খুচরা মূল্য ৫.০৭% ও ২% হ্রাস পেয়েছে। মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ৬% ও ৩.৪৫% বৃদ্ধি পায়। জুন, জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য ০.৭৬%, ৫.৪৩% ও ৮.২০% এবং খুচরা মূল্য ৫%, ২% ও ৫.৩৬% হ্রাস পায়। সার্বিকভাবে বিগত ছয় মাসে পেয়ারার বাজারদর একটি নির্দিষ্ট পরিসরে হ্রাস-বৃদ্ধি পেতে থাকে। রিপোটিং মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ৮.৩০% ও ৬% মূল্য বৃদ্ধি পায়।

**কমলা**




কমলা আমাদের দেশে আমদানি নির্ভর একটি পণ্য। আমদানীকারকের নির্ধারিত মূল্য এবং আমদানীর সাথে সংশ্লিষ্ট বিষয়াদি যুক্ত হওয়ার কারণে মূল্যের হ্রাস-বৃদ্ধি হয়ে থাকে। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করে দেখা যায় যে, এপ্রিল মাসে পাইকারী বাজারদর সামান্য বৃদ্ধি পায়। মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ৯% ও ৮% বৃদ্ধি পায়। জুন মাসে পাইকারী মূল্য ১.১৫% হ্রাস পায় ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য ২% ও ৩ % বৃদ্ধি পায় এবং জুলাই মাসে খুচরা মূল্য ২% বৃদ্ধি পায়। আগষ্ট মাসে খুচরা মূল্য ০.৩৯% হ্রাস পায়। রিপোটিং মাসে পাইকারী মূল্য ১৩% এবং খুচরা মূল্য ১৫% বৃদ্ধি পায়।


## আপেল




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২২৭২৩ | ২২৭২০ | ২২৩৯৬ | ২৩১২০ | ২৪৫০০ | ২৫০৪৯ |
| খুচরা | ২৫৬.০০ | ২৫৯.০০ | ২৫৬.০০ | ২৬৫.০০ | ২৭৫.০০ | ২৮৩.০০ |

কমলার ন্যায় আপেলও আমদানি নির্ভর একটি পণ্য। তবে কমলার তুলনায় আরো বেশি দেশ থেকে আপেল আমদানি হয় বিধায় মূল্যের তারতম্য বেশি পরিলক্ষিত হয়। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করলে দেখা যায় যে, এপ্রিল মাসে পাইকারী ও খুচরা বাজারদর যথাক্রমে প্রায় ৭% ও ৫% বৃদ্ধি পায়। মে ও জুন মাসে ০.০১% ও ১.৪৩% পাইকারী মূল্য হ্রাস পায়। খুচরা মূল্য মে মাসে ১.১৭% এবং জুন মাসে ১.১৬% হ্রাস পায়। জুলাই’ ও আগষ্ট মাসে পাইকারী মূল্য ৩.২৩% ও ৬% বৃদ্ধি এবং খুচরা মূল্য ৪% ও ৪% বৃদ্ধি পায়। রিপোটিং মাস অর্থাৎ ‘সেপ্টেম্বর’ মাসে পাইকারী ও খুচরা মূল্য ২.২৪% ও ৩% বৃদ্ধি পায়।


## পাঁকাপেঁপে




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৬৫২৭ | ৫৯৫৬ | ৬৪১৭ | ৬৬৬৪ | ৬২৮২ | ৬৮৬৫ |
| খুচরা | ৮৭.০০ | ৯০.০০ | ৯৪.০০ | ৯০.০০ | ৯৭.০০ | ৯৩.০০ |


বাজারে দেশি জাতের পাঁকা পেঁপের তুলনায় থাইল্যান্ড জাতের রেড লেডী পেঁপে অধিক হারে পাওয়া যায়; যার ফলে বাজারমূল্য তারতম্য দেখা যায়। বিগত ছয় মাসে পাকা পেঁপের পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা গেছে। এপ্রিল মাসের পাইকারী ও খুচরা মূল্য ১০.৩৮% ও ৬.১০% বৃদ্ধি পায়। মে মাসে পাইকারী মূল্য ৯% হ্রাস পরিলক্ষিত হলেও খুচরা মূল্য ৩.৪৫% বৃদ্ধি পায়। জুন ও জুলাই মাসে পাইকারী মূল্য ৮% ও ৪% বৃদ্ধি পায়। জুন মাসে খুচরা মূল্য ৪.৪৪% বৃদ্ধি এবং জুলাই মাসে ৪.২৬% মূল্য হ্রাস পায়। আগষ্ট মাসে পাইকারী মূল্য ৬% মূল্য হ্রাস পায় এবং খুচরা মূল্য ৮% বৃদ্ধি পায়। রিপোর্টিং মাসে পাইকারী বাজার দর প্রায় ৯.২৮% বৃদ্ধি পেলেও খুচরা মূল্য ৪.১২% হ্রাস পায়।

**কলা-সবরি**





সবরি কলার বিগত ছয় মাসের পাইকারী বাজারদরে স্থিতিশীলতা দেখা গেলেও খুচরা পর্যায়ে একটি নির্দিষ্ট পরিসরে বাজারদর উঠানামা করতে দেখা যায়। এপ্রিল মাসে পাইকারী মূল্য ০.৩৯% হ্রাস পায় ও খুচরা মূল্য ৩.১৩% বৃদ্ধি পায়। মে মাসে পাইকারী মূল্য ১.৩৫% বৃদ্ধি পেলেও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৯% ও ৩.০৩% হ্রাস পেয়েছে। জুলাই মাসে পাইকারী মূল্য ১৭% ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। আগষ্ট মাসে পাইকারী মূল্য ১.০১% হ্রাস পেয়েছে ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। রিপোর্টিং মাসে পাইকারী মূল্য ০.৬১% বৃদ্ধি পেলেও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে।

**আনারস-ক্যালেংগা**




আনারস-ক্যালেংগা'র ক্ষেত্রে বিগত ছয় মাসে পাইকারী মূল্যের লেখচিত্র থেকে দেখা যায় খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা গেছে। এপ্রিল মাসে আমদানীর তুলনায় আনারসের চাহিদা বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য ১৭% ও ২% বৃদ্ধি পেয়েছে। এছাড়া মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৪% ও ৬% হ্রাস পায়। জুন মাসে বাজাদর স্থিতিশীল রয়েছে। জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য ৩% ও ৩.১৩% হ্রাস পেয়েছে। খুচরা ২% ও ২% হ্রাস পেয়েছে। রিপোর্টিং মাসে পাইকারী মূল্য ১২% ও খুচরা মূল্য ১৩.২১% বৃদ্ধি পেয়েছে।


**নারিকেল**




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৮১৭৫ | ৮৬৮০ | ৮৫২৭ | ৮৩৫০ | ৭৬৯৮ | ৮১৪৭ |
| খুচরা | ১০২.০০ | ১০৩.০০ | ১০১.০০ | ১০০.০০ | ৯৭.০০ | ১০০.০০ |

নারিকেল এর পাইকারী ও খুচরা বাজারদরে বিগত ছয় মাসে উর্ধ্বমুখী প্রবণতা দেখা যায়। এপ্রিল ও মে মাসের তুলনায় পাইকারী মূল্য যথাক্রমে ২% ও ২% এবং খুচরা মূল্য যথাক্রমে ৪.০৮% ও ০.৯৮% বৃদ্ধি পেয়েছে। জুন, জুলাই ও আগষ্ট মাসে পাইকারী মূল্য যথাক্রমে ০.৬২%, ২.০৮%, ও ৮% এবং খুচরা মূল্য ২% ০.৯৯% ও ৩% হ্রাস পেয়েছে। রিপোটিং মাসে সরবরাহ কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ৬% ও ৩.০৯% বৃদ্ধি পেয়েছে।

**খেজুর**




| | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩৬৬১০ | ৩৭৪৩২ | ৩৭৭৭২ | ৩৯৬২৫ | ৪০৮৫৭ | ৪০৫৪১ |
| খুচরা | ৪৪৮.০০ | ৪৫৩.০০ | ৪৫৪.০০ | ৪৫৬.০০ | ৪৫৭.০০ | ৪৮৪.০০ |

বিগত ছয় মাসের লেখ চিত্র থেকে প্রতীয়মান যে, পাইকারী ও খুচরা পর্যায়ে খেজুরের বাজারদর উর্ধ্বমুখী রয়েছে। এপ্রিল মাসে পবিত্র মাহে রমজান উপলক্ষে খেজুরের চাহিদা বৃদ্ধির কারণে পাইকারী মূল্য ২.৪৯% ও খুচরা মূল্য ৯.২৭% বৃদ্ধি পেয়েছে। এছাড়া মে, জুন ও জুলাই মাসে পাইকারী মূল্য যথাক্রেমে ২.২৫%, ০.৯১% ও ৫% এবং খুচরা মূল্য ১.১২%, ০.২২% ও ০.৪৪% বৃদ্ধি পেয়েছে। আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩.১১% ও ০.২২% বৃদ্ধি পেয়েছে। রিপোটিং মাসে পাইকারী মূল্য ০.৭৭% হ্রাস পেয়েছে এবং খুচরা বাজার মূল্য ৬% বৃদ্ধি পেয়েছে।

(মোঃ জাহিদুল ইসলাম)
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা